

আল-ফাজর | Al-Fajr | الْفَجْرُ

আয়াতঃ ৮৯ : ৮

আরবি মূল আয়াত:

الَّتِي لَمْ يُخْلَقْ مِثْلَهَا فِي الْبِلَادِ ﴿٨﴾

অনুবাদসমূহ:

যার সমতুল্য কোন দেশে সৃষ্টি করা হয়নি। — আল-বায়ান

যার সমতুল্য অন্য কোন দেশে নির্মিত হয়নি। — তাইসিরুল

যার সমতুল্য অন্য কোন নগর নির্মিত হয়নি? — মুজিবুর রহমান

The likes of whom had never been created in the land? — Sahih International

৮. যার সমতুল্য কোন দেশে সৃষ্টি করা হয়নি(১);

(১) অর্থাৎ আদ জাতি দৈহিক গঠন ও শক্তি-সাহসে অন্য সব জাতি থেকে স্বতন্ত্র ছিল। কুরআনের অন্যান্য স্থানে তাদের সম্পর্কে বলা হয়েছে, “দৈহিক গঠনের দিক দিয়ে তোমাদের অবয়বকে অত্যন্ত সমৃদ্ধ করেছেন।” [সূরা আল আরাফঃ ৬৯] আল্লাহ অন্যত্র আরো বলেছেন, “আর তাদের ব্যাপারে বলতে গেলে বলতে হয়, তারা কোন অধিকার ছাড়াই পৃথিবীর বুকে নিজেদের শ্রেষ্ঠত্বের অহংকার করেছে। তারা বলেছে, কে আছে আমাদের চাইতে বেশী শক্তিশালী? [সূরা হা-মীম আস সাজদাহঃ ১৫] আরও বলেছেন, “আর তোমরা যখন কারো ওপর হাত উঠিয়েছে প্রবল পরাক্রান্ত হয়েই উঠিয়েছো।” [সূরা আশ শু'আরাঃ ১৩০]

তাকসীরে জাকারিয়া

৮। যার সমতুল্য জাতি অন্য কোন দেশে সৃষ্টি হয়নি। [1]

[1] অর্থাৎ, এমন সুদীর্ঘ দেহী, বলবান ও শক্তিশালী আর কোন জাতি সৃষ্টি হয়নি। এই জাতি গর্ব করে বলত যে, ‘আমাদের থেকে অধিক শক্তিশালী আর কারা আছে।’ (সূরা হা -মীম সাজদাহ ১৫ আয়াত)

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6001>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন